
# খুলনা আদালত চত্বরে দিনের আলোয় গুলিতে দুইজন নিহত



সংগৃহীত ছবি

খুলনা দায়রা জজ আদালত চত্বরে দুপুরে দুর্বৃত্তদের গুলিতে দুই ব্যক্তি নিহত হয়েছেন। রোববার (৩০ নভেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে ঘটে এ চাঞ্চল্যকর ঘটনা।
প্রত্যক্ষদর্শীরা জানান, হাজিরা শেষে মোটরসাইকেলে বের হওয়ার সময় আদালত ভবনের সামনে আসামিদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়ে দুর্বৃত্তরা। হামলার পরপরই তারা দ্রুত সটকে পড়ে।
খুলনা মেট্রোপলিটন পুলিশের সহকারী কমিশনার শিহাব করীম বলেন, ঘটনার পরপরই পুলিশ আদালত এলাকা ঘিরে ফেলে। কারা এই হামলার সঙ্গে জড়িত তা শনাক্তে তদন্ত শুরু হয়েছে বলে জানান।

LENS ASIA